**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
**দেশের চাবি আপনার হাতে**

স্মারক নম্বর-৫৮.০২.০০০০.০০৬.১৮.৭৬৫.১৭- ১৫০ তারিখ: ১১ জানুয়ারি ২০২৬

বিষয়: **জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার এবং সরকারি যোগাযোগে গণভোটের লোগো প্রদর্শন**

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগ, সাধারণ অধিশাখার ০৭ জানুয়ারি, ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৭ সংখ্যক পত্র
২) প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৫ জানুয়ারি ২০২৬ তারিখের ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫.৮৯ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার এবং সকল সরকারি যোগাযোগে নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো ব্যবহার এবং তাঁর আওতাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ২টি করে খাড়া (Vertical) ব্যানার দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শন সংক্রান্ত সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ৪ পাতা

১২/০১/২০২৬
(মোঃ আব্দুল কাদের)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: +৮৮০২২২৬-৬৬৫১০৯
adadmin@dnc.gov.bd

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, সিলেট
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা
৫। উপপরিচালক, অপারেশনস্/ প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট
৭। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম মেট্রো: কার্যালয় (উত্তর/দক্ষিণ)/জেলা কার্যালয় (সকল)
৮। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। রাসায়নিক পরীক্ষক/সহকারী রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা/বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার (সকল)
১০। সহকারী পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনবার্সন/গবেষণা ও প্রকাশনা/নিরোধ শিক্ষা/গোয়েন্দা/অর্থ ও হিসাব/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন/স্টাফ অফিসার/জনসংযোগ কর্মকর্তা/কমন সার্ভিস/আইন কর্মকর্তা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১১। মেডিকেল অফিসার/রিহেবিলিটেশন অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ
১২। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪। অফিস কপি

**(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৭

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ / ৭ জানুয়ারি ২০২৬

**বিষয়: জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট বিষয়ক জনসচেতনতামূলক ব্যানার এবং সরকারি যোগাযোগে গণভোটের লোগো প্রদর্শন।**

সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয়ের ৫ জানুয়ারি ২০২৬ তারিখের ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-৮৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫-এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে ভোটারদের ব্যাপক জনসচেতনতা তৈরি করা প্রয়োজন।

২। সকল সরকারি যোগাযোগে (পত্র, আদেশ, প্রজ্ঞাপন, পরিপত্র ইত্যাদি) নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো (কপি সংযুক্ত) ব্যবহার এবং সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ২টি খাড়া (Vertical) ব্যানার (কপি সংযুক্ত) প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-উদ্যোগে প্রিন্ট করে অফিসের সম্মুখে দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শন করলে সেবাগ্রহীতা এবং জনগণের মধ্যে ব্যাপক প্রচারণা পাবে। উল্লেখ্য, এ বিষয়ে মাননীয় প্রধান উপদেষ্টার সানুগ্রহ সম্মতি রয়েছে।

৩। এমতাবস্থায়, সকল সরকারি যোগাযোগে নির্বাচনের পূর্ব পর্যন্ত গণভোটের লোগো ব্যবহার এবং তাঁর আওতাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ২টি করে খাড়া (Vertical) ব্যানার দৃষ্টিনন্দন স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৩ পাতা।


(তানিয়া আফরোজ)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
ই-মেইল: general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব.....................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/সিলেট বিভাগ।
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। কর্মকর্তা (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ
(ডি-নথিতে বর্ণিত লোগো সংযোজনের জন্য অনুরোধ করা হলো)।



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি
# আপনার হাতে



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

**আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—**

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।
- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

**আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:**
www.gonovote.gov.bd এবং www.gonovote.bd

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

**মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।**

প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

# পরিবর্তনের

# জন্য

# "হ্যাঁ"